**আরবিআই/২০১১-১২/২৯৯**
**ডিজিবিএ .সিডিডি .নং.এইচ-৩৭৬৪/১৫.০২.০০১/২০১১-১২**

**তারিখঃ ডিসেম্বর ১৫, ২০১১**

সভাপতি এবং পরিচালন অধিকর্তা / পরিচালন অধিকর্তা
প্রধান কার্যালয়, সরকারি লেখা বিভাগ/
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /স্টেট ব্যাঙ্ক অফ পাতিয়ালা/
স্টেট ব্যাঙ্ক অফ বিকানির এন্ড জয়পুর /স্টেট ব্যাঙ্ক অফ ত্রাভাঙ্কোর/
স্টেট ব্যাঙ্ক অফ হায়দ্রাবাদ /স্টেট ব্যাঙ্ক অফ মাইসোর /অন্ধ্র ব্যাঙ্ক/
এলাহাবাদ ব্যাঙ্ক/ ব্যাঙ্ক অফ বরোদা / ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র /কানারা ব্যাঙ্ক/ সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/
কর্পোরেশন ব্যাঙ্ক /দেনা ব্যাঙ্ক/ ইন্ডিয়ান ব্যাঙ্ক /ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক/
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক/সিন্ডিকেট ব্যাঙ্ক/ ইউকো ব্যাঙ্ক/
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া /
বিজয়া ব্যাঙ্ক/আইডিবিআই ব্যাঙ্ক/আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

প্রিয় মহাশয়/মহাশয়া,

**লোক ভবিষ্যনিধি প্রকল্প, ১৯৬৮ (পিপিএফ, ১৯৬৮) এবং বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪ (এসসিএসএস, ২০০৪)-এর সংশোধনী - এজেন্টদের কমিশনের অর্থপ্রদান**

এতদ্দ্বারা শিরোনামাঙ্কিত বিষয়ে ভারত সরকারের নভেম্বর ২৫, ২০১১ তারিখের বিজ্ঞপ্তি নং এফ.১/১২/২০১১-এনএস- ।।-এর একটি প্রতিলিপি পাঠানো হচ্ছে। বিজ্ঞপ্তিতে পরিবেশিত বিষয় স্বত-ব্যাখ্যাত ।

২. এই প্রসঙ্গে, আমরা জানাই যে এই বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত বিষয় আপনার ব্যাঙ্কের যে সমস্ত শাখাগুলি পিপিএফ, ১৯৬৮ এবং এসসিএসএস, ২০০৪-এর কাজকর্ম করে যেন তাদের অবগতিতে আনা হয়। এগুলি পিপিএফ, ১৯৬৮ এবং এসসিএসএস, ২০০৪-এর গ্রাহক ও এজেন্টদের জ্ঞাতার্থে আপনার শাখাসমূহের নোটিশবোর্ডেও প্রদর্শিত করা উচিৎ ।

আপনার বিশ্বস্ত

(শ্রীকান্ত হামিনে)
প্রবন্ধক

সংযোজনীঃ ১

# [ভারত সরকারের গেজেটে প্রকাশিতব্যঃ বিশেষ, ভাগ ।—অনুভাগ -।।]

নয়া দিল্লি, নভেম্বর ২৫, ২০১১

## অর্থ মন্ত্রক
## (অর্থনৈতিক বিষয়ক বিভাগ )
## বিজ্ঞপ্তি

**নং.এফ.১/১২/২০১১-এনএস।--** কেন্দ্রীয় সরকার এতদ্দ্বারা প্রাধিকৃত স্ট্যান্ডার্ডাইজ্ড্ এজেন্সি সিস্টেম (এসএএস) এবং মহিলা প্রধান ক্ষেত্রিয় বচত যোজনা (এমপিকেবিওয়াই)-র এজেন্টদের জানাচ্ছে যে স্ট্যান্ডার্ডাইজ্ড্ এজেন্সি সিস্টেম(এসএএস) এবং মহিলা প্রধান ক্ষেত্রিয় বচত যোজনা (এমপিকেবিওয়াই)-এর অধীন তাঁদের কর্তৃক সম্পাদিত চুক্তির শর্ত অনুযায়ী ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প-এর প্রচার এবং তার জন্য বিনিয়োগ জোগাড় করার জন্য তাঁদের নিম্ন হারে কমিশন প্রদান করা হবেঃ

(ক) মহিলা প্রধান ক্ষেত্রিয় বচত যোজনা (এমপিকেবিওয়াই)

**হার**

(১) পাঁচ-বছরের রেকারিং ডিপোজিট একাউন্ট - ৪%

(খ) স্ট্যান্ডার্ডাইজ্ড্ এজেন্সি সিস্টেম (এসএএস)

(১) এক-বছরের মেয়াদি আমানত ০.৫%
(২) দু-বছর ও ৩ বছরের মেয়াদি আমানত ০.৫%
(৩) পাঁচ-বছরের মেয়াদি আমানত ০.৫%
(৪) মাসিক আয় একাউন্ট প্রকল্প ০.৫%
(৫) পাঁচ/ছয়-বছরের ন্যাশানল সেভিংস সার্টিফিকেট( VIII-ইস্যু) ০.৫%
(৬) দশ-বছরের ন্যাশানল সেভিংস সার্টিফিকেট( IX-ইস্যু) – ০.৫%

২. লোক ভবিষ্য নিধি প্রকল্পে (১%) এবং বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্পে (০.৫%) কমিশন-প্রদান বন্ধ করে দেওয়া হবে।

৩. রাজ্য/কেন্দ্র শাসিত অঞ্চল সরকার কর্তৃক প্রদত্ত উৎসাহপ্রদানস্বরূপ অর্থ, যদি থাকে, সেটি কেন্দ্রীয় সরকারের দেওয়া কমিশন থেকে বাদ দিয়ে দেওয়া হবে।

৪. এই নির্দেশগুলি ডিসেম্বরের ১ম দিন, ২০১১ থেকে কার্যকরী হবে ।

**এম.এ.খান, অবর সচিব**